## Notice of the 7th Extraordinary General Meeting of
## Bangladesh Monospool Paper Manufacturing Company Ltd.

Notice is hereby given to all the shareholders of Bangladesh Monospool Paper Manufacturing Company Ltd. that the 7th Extraordinary General Meeting of the Company will be held using hybrid system with venue of the EGM at The Atrium Restaurant, 50 & 52 Progoti Sharani, Block-J, Baridhara, Dhaka-1212 and virtually by using digital platform on Tuesday, July 16, 2024 at 3.00 p.m. to transact the following business:

**1. To approve amendment of the Memorandum of Association of the Company incorporating 28 clauses and deleting all of the existing 42 clauses.**

| Existing 42 Clauses of the Memorandum of Association-to be deleted | New 28 Clauses of the Memorandum of Association-to be incorporated |
|---|---|
| ৩। অত্র কোম্পানি গঠনের উদ্দেশ্যাবলী নিম্নরূপ ঃ<br>(১) কোন ব্যক্তিমালিকানাধীন প্রতিষ্ঠান, কোম্পানি, বিধিবদ্ধ সংস্থা অথবা বাংলাদেশ সরকারের মালিকানাধীন কোন ব্যবসা বা শিল্প ইউনিটের সম্পত্তি যথা- জমি, দালানকোঠা, যন্ত্রপাতি, আসবাবপত্রাদি, মোটরগাড়ি, উৎপাদন প্রক্রিয়াধীন পণ্য, উৎপাদিত পণ্য, কাঁচামাল, যন্ত্রাংশ ও অন্যান্য দ্রব্যাদি এবং দায়-দেনা আইনসম্মত উপায়ে ক্রয়, অর্জন ও হস্তগত করা।<br>(২) ছিদ্রযুক্ত কাগজের স্পুল প্রস্তুত করার একটি কারখানা আইন সম্মত উপায়ে অর্জন, ক্রয়, হস্তান্তরকরন, সম্প্রসারণ প্রতিষ্ঠা, স্থাপন ও রক্ষনাবেক্ষণ করা।<br>(৩) স্বদেশে ব্যবহার ও বিদেশে রপ্তানির উদ্দেশ্যে মুদ্রণ শিল্পে মনোটাইপ পদ্ধতিতে অক্ষর সাজানো এবং অক্ষর ঢালাই করার কাজে ব্যবহার্য ছিদ্রযুক্ত কাগজের স্পুল প্রস্তুত করা।<br>(৪) উপরোক্ত স্পুল প্রস্তুত করার জন্য প্রয়োজনীয় ও সহায়ক সকল প্রকার যন্ত্রপাতি, খুচরা যন্ত্রাংশ, আনুষঙ্গিক উপকরণ ও কাঁচামাল আইনসঙ্গত উপায়ে আমদানি, ক্রয় ও অর্জন করা এবং উৎপন্ন দ্রব্য স্থানীয় বাজারে বিক্রয় ও বিদেশে রপ্তানি করা।<br>(৫) উপরোক্ত উৎপন্ন দ্রব্য বিক্রয়ের ব্যবস্থা করা এবং সেই উদ্দেশ্যে কোম্পানি বিভিন্ন সময়ে যেরূপ সিদ্ধান্ত করবে তদনুসারে সেগুলি গুদামজাত করা, পরিবহন করা বা অন্যরূপ বিলি ব্যবস্থা করা।<br>(৬) উৎপন্ন দ্রব্য পরিবেশন, বিক্রয় ও রপ্তানি করার জন্য দেশের অভ্যন্তরে ও বাহিরে পরিবেশক, বিক্রেতা ও এজেন্ট নিযুক্ত করা।<br>(৭) বিভিন্ন মানের ও আকারের কার্বন কাগজ, টাইপ রাইটার রিবন, আঠাযুক্ত ফিতা, টি.পি. রোল, যোগ-যন্ত্রের রোল, এন.সি.আর. রোল, বিটুমিনযুক্ত ক্রাফট কাগজ, শিরিশ কাগজ, এমেরি কাপড় এবং একটি উৎপাদনকারী প্রতিষ্ঠান পরিচালনার জন্য প্রয়োজনীয় অন্যান্য সংশ্লিষ্ট পণ্যদ্রব্য উৎপাদন করা, সকল প্রকার অফিস স্টেশনারী ও টেবিল স্টেশনারী দ্রব্যাদির ব্যবসা করা এবং স্টেনসিল কাগজ, জেমস আলপিন, স্ট্যাপলার যন্ত্র, পাংচিং যন্ত্র, স্ট্যাপলার পিন প্রস্তুতকরণ।<br>(৮) কাঁচামাল, রসায়ন দ্রব্য, কার্বনের কালি, টিসু কাগজ আঠা, গ্লু প্যারাফিন মোম, রিবনের ফিতা, কালি, বেজ কাগজ, রিবন রিল, কন্টেইনার, খুচরা যন্ত্রাংশ আমদানি করা, উৎপন্ন করা ও উৎপাদিত পণ্য রপ্তানি করা।<br>(৯) সর্ব প্রকারের মুদ্রণযন্ত্র সম্পূর্ণ বা আংশিক টাইপ, কালি, মুদ্রণ কার্যের জন্য প্রয়োজনীয় অন্যান্য সামগ্রী ও যন্ত্রাংশ, কার্ড বোর্ডের বাক্স, ডাইরী দেওয়াল পঞ্জিকা, হিসাব যন্ত্র, প্যাড ফাইল, প্যাকেজিং ইউনিটের জন্য অত্যাবশকীয় যন্ত্রপাতি প্যাকেজিং শিল্পের কাঁচামাল, ক্লিফ, রসায়ন দ্রব্য প্রস্তুত করা, ক্রয় করা, আমদানি করা বা অন্য কোনভাবে সংগ্রহ করা এবং সেগুলির ব্যবসা করা।<br>(১০) একটি সম্পত্তি ও ভূসম্পত্তি বিষয়ক কোম্পানি হিসেবে ব্যবসা পরিচালনা করা এবং জমি, দালান কোঠা, পুকুর, দিঘী, খেয়া, মৎস চাষ ক্ষেত্র, প্রোতাশ্রয়, গুদাম, মিল, অফিস, বাজার ও অন্যান্য যাবতীয় গৃহাদি অথবা তৎসংক্রান্ত কোন অধিকার, স্বত্ব বা স্বার্থ ক্রয়, বিক্রয় ও উন্নয়ন করা।<br>(১১) গ্যারেজের মালিক, ট্যাক্সি, বাস এবং সর্বসাধারণের বা ব্যক্তিগত ব্যবহারের জন্য ও অন্যান্য যানবাহনের মালিক হিসেবে ব্যবসা করা।<br>(১২) কোম্পানি যেসব পথে বা লাইনে এবং এলাকায় বা স্থানে উপযুক্ত মনে করবে সেইসব পথে বা লাইনে এবং এলাকায় বা স্থানে মোটরগাড়ি, বাস ও অন্যান্য সকল প্রকার গাড়ি চালানোর ব্যবসা করা এবং যাত্রী ও মাল বহন করা এবং সাধারণভাবে স্থল পরিবহনের ব্যবসা করা।<br>(১৩) কোম্পানির স্বার্থে গৃহ নির্মাণ, কলোনী প্রতিষ্ঠা, কৃষি, উদ্যান, দুগ্ধজাত পণ্য বা হাঁসমুরগীর খামার প্রতিষ্ঠা বিষয়ক প্রকল্পে অথবা পণ্য উৎপাদনী অন্য কোন ব্যবসায় বিভিন্ন সময়ে পুঁজি বিনিয়োগ করতে পারবেন।<br>(১৪) জমি, গৃহ, দালানকোঠা, গুদাম, অফিস, কারখানা, মিল, চালাঘর, কাঠামো বা অন্যান্য স্থাবর বা অস্থাবর সম্পত্তি বা উহাতে নিহিত স্বার্থের ব্যবস্থাপনা, পরিচালনা, উন্নয়ন করা, ভেঙে বা ফেলা পরিবর্তন করা।<br>(১৫) কোন স্থাবর বা অস্থাবর সম্পত্তি বা তাতে নিহিত কোন স্বার্থ ক্রয় বা দান স্বরূপ অর্জন করা, নিলামে, খরিদ করা, বিনিময়ের মাধ্যমে অর্জন করা, ভাড়া করা বা কিস্তিতে খরিদ করা, ইজারা বা পাট্টায় অর্জন করা।<br>(১৬) অত্র কোম্পানির স্বার্থের অনুকুল পদ্ধতিতে স্টক, শেয়ার ও পণ্যের দালাল হিসেবে সকল প্রকার ব্যবসা করা এবং স্টক, শেয়ার, ডিবেঞ্চার ও অন্যান্য সকল সিকিউরিটি মজুত রাখা ও কেনা বেচা করা।<br>(১৭) কোন ব্যক্তি, প্রতিষ্ঠান, কোম্পানি বা সমিতির ম্যানেজার, সেক্রেটারী, কোষাধ্যক্ষ, উপদেষ্টা, | ৩। যে সকল ব্যবসায়িক উদ্দেশ্যে কোম্পানী নিবন্ধিত, নিম্নে উল্লেখিত তার সবকিছু অথবা যে কোন ব্যবসা শুরু করার পূর্বে সরকার / সংশ্লিষ্ট কর্তৃপক্ষ / যথাযথ কর্তৃপক্ষের কাছ থেকে প্রয়োজনীয় অনুমোদন পাওয়ার পর ব্যবসায়িক কার্যক্রম বাস্তবায়ন করা হবে:<br>(১) অন্ন, বস্ত্র, বাসস্থান, শিক্ষা ও চিকিৎসা সেবার প্রয়োজনীয় সকল পণ্য এবং উপকরণ উৎপাদন ও বিপণন করা।<br>(২) মুদ্রণ, প্রকাশনা, প্যাকেজিং ও কাগজ শিল্প প্রকল্প স্থাপন, পণ্য উৎপাদন, স্থানীয় বাজারে বিপণন ও রপ্তানি করা।<br>(৩) রাস্তা-ঘাট, ব্রিজ-কালভার্ট নির্মাণ, স্থল ও নদী বন্দর উন্নয়ন, রেলওয়ে স্টেশন নির্মাণ সহ সকল ধরনের অবকাঠামো উন্নয়ন করা।<br>(৪) সিভিল কন্সট্রাকশন, ভূমি উন্নয়ন, আবাসন ও রিয়েল এষ্টেট ব্যবসা করা।<br>(৫) বিদ্যুৎ, তেল, গ্যাস, পানি উৎপাদন, আমদানি ও সরবরাহ করা।<br>(৬) সরকারি ও বে-সরকারি পর্যায়ে সকল ধরনের দরপত্রে (টেন্ডারে) অংশগ্রহণ করা।<br>(৭) স্থানীয় ও আন্তর্জাতিক পর্যায়ে সকল ধরনের ট্রেডিং ও আমদানি-রপ্তানি ব্যবসা করা।<br>(৮) তথ্য প্রযুক্তি সংক্রান্ত সকল ধরনের উপাদান যেমন-ডাটা প্রসেসিং, সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং, ই-কমার্স, আর্টিফিশিয়াল ইন্টেলিজেনসি (AI), আইওটি (Internet of things), কম্পিউটার নেটওয়ার্ক অ্যান্ড সিকিউরিটি, কমিউনিকেশন টেকনোলজি, ডিজিটাল সিগন্যাল অ্যান্ড ইমেজ প্রসেসিং, বায়ো মেডিকেল ইঞ্জিনিয়ারিং, অপ্টো-ইলেকট্রনিক্স অ্যান্ড ফোটোনিক্স, পাওয়ার ইলেকট্রনিক্স অ্যান্ড ড্রাইভস, পাওয়ার সিস্টেম অ্যান্ড রিনিউঅ্যাবল অ্যানার্জি, সেমি-কনডাক্টর ডিভাইস অ্যান্ড ন্যানো টেকনোলজি, ভিএলএসআই অ্যান্ড সার্কিটস্, মাইক্রোওয়েভ ইঞ্জিনিয়ারিং, স্যাটেলাইট নেভিগেশন, ওয়্যারলেস কমিউনিকেশন, রাডার ইঞ্জিনিয়ারিং, স্মার্ট হোম, স্মার্ট ইন্টেরিয়র, স্মার্ট এনার্জি, ড্রোন সিস্টেম, রোবোটিকস অপারেশন, মাইক্রোচিপস্, বিদ্যুৎ খরচ সাশ্রয়ী প্রযুক্তি ও 3D সহ সকল সময়ে সকল ধরনের অত্যাধুনিক (এ্যাডভান্সড) প্রযুক্তির ব্যবসা করা।<br>(৯) বাংলাদেশের অভ্যন্তরে বা বাহিরে যেকোন ব্যাংকে/আর্থিক প্রতিষ্ঠানে কোম্পানি কর্তৃক যেরূপ উপযুক্ত বিবেচিত হয় সেরূপ চলতি, ক্যাশ-ক্রেডিট, ওভার ড্রাফট হিসাবসহ যেকোন ব্যাংকিং বা অন্যরূপ হিসাব খোলা, লেনদেন করা, চালু রাখা, ওভার ড্র করা বা বন্ধ করে দেওয়া এবং কোম্পানীর বোর্ড সভার সিদ্ধান্ত অনুযায়ী মনোনীত পরিচালক/কর্মকর্তাগণ কর্ত্তৃক হিসাবসমূহ পরিচালনা করা।<br>(১০) কোম্পানির স্বার্থে বা উদ্দেশ্য সাধনকল্পে কোম্পানীর সকল বা যে কোন স্থাবর অস্থাবর সম্পত্তি বিক্রি করা, হস্তান্তর করা, বন্ধক দেওয়া, বিনিময় করা, দায়বদ্ধ করা, দান করা বা দখল ত্যাগ করা।<br>(১১) কোম্পানি যেরূপ ধরনের ব্যবসা করছে বা করার সম্ভাবনা আছে, অনুরূপ ধরনের এক বা একাধিক ব্যবসায় নিয়োজিত অন্য কোন কোম্পানি, ব্যবসা প্রতিষ্ঠান, সমিতি বা বিধিবদ্ধ সংস্থার সাথে একীভূত হওয়া। |

প্রমোটার, এক্সিকিউটার, ট্রাষ্ট্রি বা আস্থা বা বিশ্বাস সম্পর্কিত অন্য কোন পদে কাজ করা, অধিষ্ঠিত হওয়া, পদ গ্রহণ করা বা পদের কার্য নির্বাহ করা এবং সেই পদের কাজকর্ম বিনা পারিশ্রমিকে বা অন্যভাবে সম্পন্ন করা।

(১৮) অত্র কোম্পানির স্বার্থে অনুকূল শর্তাবলী অনুসারে কোন কোম্পানি (পাবলিক বা প্রাইভেট), প্রতিষ্ঠান, সমিতি বা অন্য কোন বিধিবদ্ধ সংস্থার বা ব্যক্তিবর্গের ব্যবসা সংগঠিত করা, পরিচালনা করা, গুটিয়ে ফেলা বা তার দায়-দেনা মিটিয়ে ফেলা।

(১৯) কোন সংবাদপত্র, পত্রিকা, বই, ম্যাগাজিন, সুভেনির এবং সকল প্রকার চিত্র স্থাপন, রক্ষণাবেক্ষণ, বিতরণ ও প্রকাশ করা এবং সেগুলি আমদানি ও রপ্তানি করা।

(২০) মুদ্রাকর ও প্রকাশক হিসেবে সকল প্রকার ব্যবসা পরিচালনা করা, সকল প্রকার জব প্রিন্টিং, কালার প্রিন্টিং, হাফটোন, টিন ও মেটাল প্রিন্টিং, লাইনো টাইপ ও মনোটাইপ প্রিন্টিং, অফসেট প্রিন্টিং ও লিথোগ্রাফ কাজের দায়িত্ব গ্রহণ ও সম্পন্ন করা এবং জেনারেল ষ্টেশনারী ও বাইন্ডার হিসেবে সকল প্রকার ব্যবসা করা।

(২১) কোম্পানি যেরূপ উপযুক্ত মনে করে সেইরূপ শর্তাবলী অনুসারে কোম্পানির সকল বা যেকোন স্থাবর অস্থাবর সম্পত্তি বিক্রয় করা, ভাড়া করা বা ইজারা দেওয়া, দান করা, বিনিময় করা বা দখল ত্যাগ করা।

(২২) কোম্পানির অফিসার, সহকারী, হিসাবরক্ষক, ক্যাশিয়ার, টেকনিশিয়ান এবং অন্যান্য শ্রমিক কর্মচারী নিয়োগ, অপসারণ, সাসপেন্ড বা বরখাস্ত করা।

(২৩) বাংলাদেশে বা বিদেশে কোম্পানির শাখা অফিস, বাণিজ্যিক বা সাংগঠনিক কেন্দ্র এবং অন্যান্য ব্যুরো বা কেন্দ্র খোলা, চালু রাখা বা বন্ধ করে দেওয়া।

(২৪) কোম্পানির পণ্যসামগ্রী, কোম্পানী কর্তৃক প্রস্তুত বা উৎপাদিত দ্রব্য সামগ্রী সম্পর্কে এরূপভাবে বিজ্ঞাপন দেওয়া ও প্রচার করা যা কোম্পানির স্বার্থের অনুকুল।

(২৫) বাংলাদেশের অভ্যন্তরে বা বাহিরে যেকোন ব্যাংকে কোম্পানি কর্তৃক যেরূপ উপযুক্ত বিবেচিত হয় সেরূপ চলতি, ক্যাশ-ক্রেডিট ওভার ড্রাফট হিসাবসহ যেকোন ব্যাংকিং বা অন্যরূপ হিসাব খোলা, লেনদেন করা, চালু রাখা, ওভার ড্র করা বা বন্ধ করে দেওয়া।

(২৬) কোম্পানির উদ্দেশ্যাবলীর মধ্যে সকল বা যেকোন উদ্দেশ্য সাধনের জন্য অর্থ কর্জ বা সংগ্রহ করা, বিশেষতঃ সুদে বা বিনা সুদে, কোম্পানির সকল বা যেকোন স্থাবর অস্থাবর বা অন্যান্য সম্পত্তি (তলব করা হয়নি এমন শেয়ার মূলধনসহ) বন্ধক দিয়ে, অথবা ডিবেঞ্চার বিলি করার ও জামানতের মাধ্যমে, কোম্পানী যেরূপ উপযুক্ত মনে করে, অর্থ কর্জ করা এবং প্রমিসরি নোট বিল অব এক্সচেঞ্জ, বিল অব লেডিং, ওয়ারেন্ট ও অন্যান্য হস্তান্তর যোগ্য দলিল সম্পাদন করা।

(২৭) কোম্পানি যাদের উপযুক্ত মনে করে তাদের এবং যেরূপ শর্তাবলী উপযুক্ত মনে করে সেইরূপ শর্তাধীনে কোম্পানির অর্থ, পণ্যসামগ্রী বা অন্য কোন সম্পদ কর্জ দেওয়া।

(২৮) কোম্পানির স্বার্থে বা উদ্দেশ্য সাধনকল্পে কোম্পানীর সম্পত্তি বিক্রি করা, হস্তান্তর  করা, বন্ধক দেওয়া, দায়বন্ধ করা, দান করা।

(২৯) অন্য কোন কোম্পানি, ব্যবসা প্রতিষ্ঠান, সমিতি, সংস্থা বা কোন ব্যবসা-বাণিজ্য বা পেশায় নিয়োজিত কোন ব্যক্তির ব্যবসার সুনাম, সম্পত্তি, দায়-দায়িত্ব, শেয়ার বা তাহার স্বত্বাধিকার সম্পূর্ণ বা আংশিক ক্রয় করা বা আইনসম্মত অন্য কোন উপায়ে অর্জন করা এবং তার মূল্য নগদ টাকায় অথবা আংশিক বা সম্পূর্ণ পরিশোধিত শেয়ার দেওয়া, অথবা আংশিক একভাবে ও অন্যভাবে পরিশোধ করা।

(৩০) অন্য কোন ব্যক্তি, ব্যবসা প্রতিষ্ঠান, সমিতি, কোম্পানি বা বিধিবদ্ধ সংস্থার সংগে বা বিদেশী সহযোগিতায় যৌথ উদ্যোগে বা মুনাফায় অংশ গ্রহণের ভিত্তিতে কারবারের চুক্তিতে আবদ্ধ হওয়া বা আয়োজন করা।

(৩১) কোম্পানি যেরূপ উপযুক্ত মনে করে সেইরূপ শর্তাবলী অনুসারে কোম্পানির কারবার সম্পূর্ণ বা আংশিক বিক্রি বা অন্যভাবে হস্তান্তর  করা।

(৩২) কোম্পানির ব্যবসা পরিচালনা অথবা ব্যবসার কল্যাণ সাধন বা উন্নতির জন্য প্রয়োজন হলে কোম্পানি যেরূপ উপযুক্ত মনে করে সেইরূপ শর্তাবলী অনুসারে সরকারের কাছ থেকে বা অন্য কোন আইন সম্মত কর্তৃপক্ষের কাছ থেকে কোন পেটেন্ট, ট্রেড মার্ক, ট্রেড নেম, কন্সেশন, বিশেষ অধিকার বা সুবিধার জন্য আবেদন করা, তা অর্জন করা, ব্যবহার করা, ভাড়া দেওয়া বা হস্তান্তর  করা।

(৩৩) কোম্পানির তহবিল ও সম্পদের মধ্যে যে পরিমান কোম্পানির আশু প্রয়োজনে লাগছে না তা সম্পূর্ণ বা আংশিক এমন সিকিউরিটিতে বা এমন পদ্ধতিতে এবং এমন শর্তাবলী অনুসারে বিনিয়োগ করা, যা আইনে নির্ধারিত বা আইনানুগ কোন কর্তৃপক্ষের দ্বারা নির্দেশিত অথবা কোম্পানি যেরূপ সঙ্গত মনে করে এবং বিভিন্ন সময় উক্ত বিনিয়োগ সংশোধন বা পরিবর্তন করা।

(৩৪) কোম্পানি যেরূপ ধরনের ব্যবসা করছে বা করবার সম্ভাবনা আছে, অনুরূপ ধরনের এক বা একাধিক ব্যবসায় নিয়োজিত অন্য কোন কোম্পানি, ব্যবসা প্রতিষ্ঠান, সমিতি বা বিধিবদ্ধ সংস্থার সাথে একীভূত হওয়া।

(৩৫) বিভিন্ন সময়ে অত্র কোম্পানির তহবিল কোম্পানী যেরূপ উপযুক্ত মনে করে সেইরূপ শর্তাবলী অনুসারে অন্য কোন কোম্পানি (পাবলিক বা প্রাইভেট), ব্যবসা প্রতিষ্ঠান, সমিতে বিধিবদ্ধ সংস্থা বা ব্যক্তিগত ব্যবসায় বিনিয়োগ করা অথবা সেই কোম্পানি প্রতিষ্ঠান বা ব্যক্তির ব্যবসা গুটিয়ে ফেলা, দায় দেনার নিষ্পত্তি করা এবং কোম্পানির পক্ষে সংগৃহীত তহবিল যা কোম্পানির আয়ত্ত্বাধীন তা উপযুক্তভাবে বিনিয়োগ করা।

(৩৬) অত্র কোম্পানির পক্ষে তার তহবিল কোন প্রাইভেট বা পাবলিক কোম্পানি বা অন্য অংশীদারি বা পাবলিক বা প্রাইভেট কোম্পানির শেয়ার ক্রয় করে তার ব্যবসায় সহযোগিতা বা অংশ গ্রহণ করা অথবা কোন অংশীদারি ব্যবসা প্রতিষ্ঠান বা ব্যক্তি মালিকানাধীন ব্যবসা প্রতিষ্ঠানের সংগে

(১২) কোন স্থাবর বা অস্থাবর সম্পত্তি বা তাতে নিহিত কোন স্বার্থ ক্রয় বা দান স্বরূপ অর্জন করা, নিলামে খরিদ করা, বিনিময়ের মাধ্যমে অর্জন করা, ভাড়া করা বা কিস্তিতে খরিদ করা, ইজারা বা পাট্টায় অর্জন করা।

(১৩) অত্র কোম্পানির স্বার্থের অনুকূল পদ্ধতিতে স্টক, শেয়ার ও পণ্যের দালাল হিসেবে সকল প্রকার ব্যবসা করা এবং স্টক, শেয়ার, ডিবেঞ্চার ও অন্যান্য সকল সিকিউরিটি কেনা বেচা করা।

(১৪) অত্র কোম্পানির স্বার্থে অনুকূল শর্তাবলী অনুসারে কোন কোম্পানি (পাবলিক বা প্রাইভেট), প্রতিষ্ঠান, সমিতি বা অন্য কোন বিধিবদ্ধ সংস্থার বা ব্যক্তিবর্গের ব্যবসা সংগঠিত করা, পরিচালনা করা, গুটিয়ে ফেলা বা তার দায়-দেনা মিটিয়ে ফেলা।

(১৫) বাংলাদেশে বা বিদেশে কোম্পানির শাখা অফিস, বাণিজ্যিক বা সাংগঠনিক কেন্দ্র এবং অন্যান্য ব্যুরো বা কেন্দ্র খোলা, চালু রাখা বা বন্ধ করে দেওয়া।

(১৬) কোম্পানির উদ্দেশ্যাবলীর মধ্যে সকল বা যেকোন উদ্দেশ্য সাধনের জন্য অর্থ কর্জ বা সংগ্রহ করা, বিশেষতঃ মুনাফায় বা বিনা মুনাফায়, কোম্পানির সকল বা যেকোন স্থাবর অস্থাবর বা অন্যান্য সম্পত্তি (তলব করা হয়নি এমন শেয়ার মূলধনসহ) বন্ধক দিয়ে, অথবা ডিবেঞ্চার বিলি করার ও জামানতের মাধ্যমে, কোম্পানী যেরূপ উপযুক্ত মনে করে, অর্থ কর্জ করা এবং প্রমিসরি নোট, বিল অব এক্সচেঞ্জ, বিল অব লেডিং ও অন্যান্য হস্তান্তরযোগ্য দলিল সম্পাদন করা।

(১৭) অন্য কোন কোম্পানি, ব্যবসা প্রতিষ্ঠান, সমিতি, সংস্থা বা কোন ব্যবসা-বাণিজ্য বা পেশায় নিয়োজিত কোন ব্যক্তির ব্যবসার সুনাম, সম্পত্তি, দায়-দায়িত্ব, শেয়ার বা তাহার স্বত্বাধিকার সম্পূর্ণ বা আংশিক ক্রয় করা বা আইনসম্মত অন্য কোন উপায়ে অর্জন করা এবং তার মূল্য নগদ টাকায় অথবা আংশিক বা সম্পূর্ণ পরিশোধিত শেয়ার দেওয়া, অথবা আংশিকভাবে ও অন্যভাবে পরিশোধ করা।

(১৮) অন্য কোন ব্যক্তি, ব্যবসা প্রতিষ্ঠান, সমিতি, কোম্পানি বা বিধিবদ্ধ সংস্থার সংগে বা বিদেশী সহযোগিতায় যৌথ উদ্যোগে বা মুনাফায় অংশ গ্রহণের ভিত্তিতে কারবারের চুক্তিতে আবদ্ধ হওয়া বা আয়োজন করা।

(১৯) কোম্পানি যেরূপ উপযুক্ত মনে করে সেরূপ শর্তাবলী অনুসারে কোম্পানির কারবার সম্পূর্ণ বা আংশিক বিক্রি বা অন্যভাবে হস্তান্তর করা।

(২০) কোম্পানির ব্যবসা পরিচালনা অথবা ব্যবসার কল্যাণ সাধন বা উন্নতির জন্য প্রয়োজন হলে কোম্পানি যেরূপ উপযুক্ত মনে করে সেরূপ শর্তাবলী অনুসারে সরকারের কাছ থেকে বা অন্য কোন আইন সম্মত কর্তৃপক্ষের কাছ থেকে কোন পেটেন্ট, ট্রেড মার্ক, ট্রেড নেম, কন্সেশন, বিশেষ অধিকার বা সুবিধার জন্য আবেদন করা, তা অর্জন করা, ব্যবহার করা, ভাড়া দেওয়া বা হস্তান্তর করা।

(২১) কোম্পানির তহবিল ও সম্পদের মধ্যে যে পরিমান কোম্পানির আশু প্রয়োজনে লাগছে না তা সম্পূর্ণ বা আংশিক এমন সিকিউরিটিতে বা এমন পদ্ধতিতে এবং এমন শর্তাবলী অনুসারে বিনিয়োগ করা, যা আইনে নির্ধারিত বা আইনানুগ কোন কর্তৃপক্ষের দ্বারা নির্দেশিত অথবা কোম্পানি যেরূপ সঙ্গত মনে করে এবং বিভিন্ন সময় উক্ত বিনিয়োগ সংশোধন বা পরিবর্তন করা।

(২২) কোন ব্যক্তি বা ব্যক্তিবর্গের সংগে চুক্তিবদ্ধ হয়ে অথবা তার বা তাদের সংগে অথবা কোন অংশীদারি প্রতিষ্ঠান বা প্রাইভেট কিংবা পাবলিক কোম্পানির সঙ্গে অংশীদারি হিসাবে কোন বাণিজ্যিক বা শিল্প প্রতিষ্ঠানে অংশ গ্রহণ করা।

(২৩) কোন দাতব্য কাজে বা জনসাধারণের উপকারমূলক বা জাতীয় কল্যাণমূলক কাজে চাঁদা দেওয়া।

(২৪) কোম্পানির বর্তমান কর্মচারী বা শ্রমিক অথবা তাদের পরিবারবর্গ ও পোষ্যদের উপকার বা কল্যাণের সংস্থান করা।

(২৫) কোম্পানির ব্যবসা গুটিয়ে ফেলা হলে কোম্পানির সদস্যদের মধ্যে বিতরণ করার মত উদ্বৃত্ত কোন সম্পত্তি কোম্পানির থাকলে তা সদস্যদের মধ্যে বিতরণ করা।

| | |
|---|---|
| অংশীদারিত্বের চুক্তিতে আবদ্ধ হওয়া।<br>(৩৭) অন্যান্যদের সঙ্গে সহযোগিতায় কোন পাবলিক বা প্রাইভেট কোম্পানি গঠন করা অথবা অন্যান্যদের সংগে অংশীদারি ব্যবসা আরম্ভ করা বা চালিয়ে যাওয়া অথবা অন্য কোন ব্যক্তি বা ব্যক্তিবর্গের সংগে চুক্তিবদ্ধ হয়ে কোন ব্যবসা পরিচালনা করা এবং কোম্পানির হাতে মজুত বা কোম্পানির পক্ষে সংগৃহীত তহবিল সেই ব্যবসায় বিনিয়োগ করা।<br>(৩৮) কোন ব্যক্তি বা ব্যক্তিবর্গের সংগে চুক্তিবদ্ধ হয়ে অথবা তার বা তাদের সংগে অথবা কোন অংশীদারি প্রতিষ্ঠান বা প্রাইভেট কিংবা পাবলিক কোম্পানির সঙ্গে অংশীদারি হিসাবে কোন বাণিজ্যিক বা শিল্পপ্রতিষ্ঠানে অংশ গ্রহণ করা।<br>(৩৯) কোন দাতব্য কাজে বা জনসাধারণের উপকারমূলক বা জাতীয় কল্যাণমূলক কাজে চাঁদা দেওয়া।<br>(৪০) কোম্পানির বর্তমান বা অতীতের কর্মচারী বা শ্রমিক অথবা তাদের পরিবারবর্গ ও পোষ্যদের উপকার বা কল্যাণের সংস্থান করা।<br>(৪১) কোম্পানির ব্যবসা গুটিয়ে ফেলা হলে কোম্পানির সদস্যদের মধ্যে বিতরণ করার মত উদ্বৃত্ত কোন সম্পত্তি কোম্পানির থাকলে তা সদস্যদের মধ্যে বিতরণ করা।<br>(৪২) কোম্পানির স্বার্থের অনুকূল অথবা কোম্পানীর পক্ষে লাভজনক প্রাসঙ্গিক অন্যান্য সকল বা যেকোন কাজ করা। | (২৬) কোম্পানির স্বার্থের অনুকূল অথবা কোম্পানীর পক্ষে লাভজনক প্রাসঙ্গিক অন্যান্য সকল বা যে কোন ব্যবসা বা কাজ করা।<br>(২৭) বিদেশী ভাষা শিক্ষা, ড্রাইভিং প্রশিক্ষণ এবং প্রযুক্তি নির্ভর ও কর্মমুখী বিভিন্ন কারিগরি প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে বিদেশে দক্ষ জনশক্তি রপ্তানি করা।<br>(২৮) সহযোগী কোম্পানী বা কোম্পানী সমূহের বা তৃতীয় পক্ষের অনুকূলে কোন তপসীলি ব্যাংক অথবা অর্থ লগ্নীকারী প্রতিষ্ঠান হতে অনুমোদিত ও গৃহীত ঋণের বিপরীতে জামানত হিসাবে কোম্পানীর স্থাবর/অস্থাবর সম্পত্তি বন্ধক দেয়া এবং উপরোক্ত সহযোগী কোম্পানী বা কোম্পানী সমূহ বা তৃতীয় পক্ষ কর্তৃক গৃহীত ঋণের দায় দায়িত্ব পরিশোধে কর্পোরেট গ্যারান্টি প্রদান করা। |

To consider and if thought fit, to pass the following resolution as Special Resolution with or without modification(s):

**RESOLVED THAT the proposal to amend the Memorandum of Association of the Company incorporating 28 clauses deleting all of the 42 existing clauses as detailed above is hereby approved subject to approval of the Hon'ble High Court.**

2. **To approve change of the name of the Company from Bangladesh Monospool Paper Manufacturing Company Ltd. to Monospool Bangladesh PLC.**

To consider and if thought fit, to pass the following resolution as Special Resolution with or without modification(s):

**RESOLVED THAT the proposal to change the name of the Company from "Bangladesh Monospool Paper Manufacturing Company Limited" to "Monospool Bangladesh PLC" be and is hereby approved.**

By Order of the Board of Directors

Dated, Dhaka
June 15, 2024

Sd/-
**Md. EmdadulHaque**
Company Secretary

**Notes:**

(i) Members, whose names will appear in the share register of the company or in the Members/Depository Register on the record date i.e. July 04, 2024, will be eligible to attend and vote in the Extra Ordinary General Meeting (EGM).

(ii) The proxy form must be affixed with requisite revenue stamp and must be deposited at the Registered Office of the Company not less than 48 hours before the time fixed for the meeting.

(iii) The EGM will be conducted through using hybrid system in accordance with the directive no. BSEC/CMRRCD/2009-193/08 dated March 10, 2021 of Bangladesh Securities and Exchange Commission (BSEC).

(iv) Link for Joining in EGM through Digital Platform will be provided through e-mails of the shareholders which will be opened before 72 hours from the time (at 3.00 p.m. on July 16, 2024) fixed for holding the Extraordinary General Meeting. Members can join the Virtual Extraordinary General Meeting using their Laptop, PC, mobile or Tab providing their respective 16-Digit BO ID and No. of shares.

(v) The details of the 28 clauses to be incorporated and 42 existing clauses to be deleted in the Memorandum of Association of the company under Agenda no. 01 will be sent to the e-mail addresses of the shareholders linked with their BO Accounts. In case of non-receipt of the clauses to be incorporated and deleted in the Memorandum of Association of the company sent through e-mail, shareholders may collect the same from the Company Affairs Department of the Company by a written request. The details of the clauses to be incorporated and deleted in the Memorandum of Association of the company will be uploaded on the company's website at https://mpmc.com.bd on stipulated date. Virtual EGM link is https://mpmc-egm.bdvirtual.com.